



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

প্রজেক্ট ক্রেডিট বিভাগ

ফোন : ৯৫৫৭৯৮৮
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০৩১-৩৫
(এক্সটেনশন-৩৪৪)
E-mail : dgmpid@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ১৩/২০১৭

তারিখ : ১৭/০৯/২০১৭

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ব্যাংকের বিদ্যমান নীতিমালার আলোকে ঋণের প্রাক অনুমোদন প্রক্রিয়াকরণের ক্ষেত্রে অনুসৃতব্য পদ্ধতি প্রসঙ্গে।

বিগত ২০/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৬৮৯তম সভায় ঋণের প্রাথমিক আবেদন নির্দিষ্ট সময়ে নিষ্পত্তির লক্ষ্যে এবং প্রকৃত উদ্যোক্তা বাছাইয়ের জন্য বিদ্যমান পদ্ধতি অনুসরণপূর্বক নিম্নবর্ণিত শর্তাবলীতে ঋণের প্রাক অনুমোদনসহ প্রস্তাবটির চূড়ান্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় :

- (ক) ব্যাংক কর্তৃক কারিগরী, আর্থিক প্রভৃতি সার্বিক মূল্যায়নে প্রকল্পটি ইতিবাচক হতে হবে;
- (খ) ব্যাংকের মূল্যায়ন অনুযায়ী প্রকল্প ঋণ মোট প্রকল্প ব্যয়ের শতকরা ৬০ ভাগের অধিক হবে না এবং চলতি মূলধন ঋণ মোট প্রাক্কলিত চলতি মূলধনের শতকরা ৭০ ভাগ এর অধিক হবে না। ব্যাংকের প্রচলিত নিয়মে এবং বাস্তবতার নিরিখে চূড়ান্ত মূল্যায়ন সাপেক্ষে ঋণাংক ব্যাংক কর্তৃক নির্ধারণ করা হবে;
- (গ) প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ (বর্তমানে ক্রেডিট বিভাগ-১) এর জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০৬/২০০৭, তারিখ ০৩/০৭/২০০৭ মোতাবেক প্রকল্প ঋণ প্রস্তাব দাখিলের সাথে মোট প্রকল্প ব্যয়ের অন্তত ৫% ইকুইটির টাকা ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় জমা রাখতে হবে। ঋণাংক বাদে প্রয়োজনীয় অবশিষ্ট ব্যয় উদ্যোক্তাকে নিজস্ব উৎস হতে বহন করতে হবে মর্মে উদ্যোক্তার নিকট হতে অঙ্গীকারনামা নিতে হবে;
- (ঘ) প্রস্তাবিত প্রকল্প এবং চলতি মূলধন ঋণাংক ১০০% জামানত দ্বারা আবৃত করতে হবে;
- (ঙ) এ প্রাক অনুমোদন ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে কোন নিশ্চয়তা বহন করে না;
- (চ) এ অনুমোদনের ক্ষেত্রে ব্যাংকের বর্তমানে প্রচলিত এবং ভবিষ্যতে জারিতব্য সকল নিয়মাবলী যথাযথ প্রযোজ্য হবে;
- (ছ) ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/কার্যালয় কর্তৃক প্রকল্পের ধরণ অনুযায়ী চেকলিস্ট (সংযুক্ত-১) হতে প্রাথমিক অবস্থায় প্রয়োজনীয় কাগজপত্র উদ্যোক্তার নিকট হতে সংগ্রহ করতে হবে;
- (জ) প্রদত্ত “ছক” অনুযায়ী যথাযথভাবে কাগজপত্রাদি প্রাপ্তির ০২(দুই) মাসের মধ্যে প্রাক-অনুমোদনের প্রস্তাব নিষ্পত্তি করতে হবে; এবং
- (ঝ) প্রাক-অনুমোদনের পর চেকলিস্ট অনুযায়ী (সংযুক্ত-১) কাগজপত্র যথাযথভাবে প্রাপ্তির সর্বোচ্চ ০৪(চার) মাসের মধ্যে প্রস্তাবটির চূড়ান্ত নিষ্পত্তি করতে হবে।

০২। ব্যাংকের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৭/২০১০ তারিখ ১৫/০৯/২০১০ এর মাধ্যমে ঋণের প্রাক অনুমোদন প্রক্রিয়াকরণের ক্ষেত্রে অনুসৃতব্য পদ্ধতি জারী করা হয়েছে। উক্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক ৫.০০ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত কোন নতুন ঋণ কেসের প্রাক অনুমোদন প্রয়োজন হবে না। নতুন ঋণের ক্ষেত্রে ৫.০০ কোটি টাকার উপরে ঋণ কেইস প্রধান কার্যালয়ের প্রাক অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। নতুন ঋণের জন্য ৫.০০ কোটি টাকার উপরে কর্পোরেট শাখা ব্যতিরেকে অন্যান্য সকল শাখার প্রকল্প ঋণের প্রাক অনুমোদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে প্রাক অনুমোদনের বিষয় নিষ্পত্তি করতে হবে :

সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের উপ-মহাব্যবস্থাপক (পরিচালন)	: আহবায়ক
সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক	: সদস্য-সচিব
সংশ্লিষ্ট আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা	: সদস্য
সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক	: সদস্য
সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের পরিকল্পনা কর্মকর্তা/প্রকৌশলী	: সদস্য

বর্ণিত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকের মতামত/মন্তব্যসহ প্রাক অনুমোদনের জন্য প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

(খ) কর্পোরেট শাখাসমূহের ৫.০০ কোটি টাকার উর্ধ্বের নতুন ঋণ আবেদনের প্রাক অনুমোদনের ক্ষেত্রে নিম্নোক্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে প্রাক অনুমোদনের বিষয় নিষ্পত্তি করতে হবে :

সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের উপ মহাব্যবস্থাপক (পরিচালন)	: আহবায়ক
সংশ্লিষ্ট কর্পোরেট শাখার উপ মহাব্যবস্থাপক	: সদস্য-সচিব
সংশ্লিষ্ট বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা	: সদস্য
সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের পরিকল্পনা কর্মকর্তা/প্রকৌশলী	: সদস্য

বর্ণিত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকের মতামত/মন্তব্য সহ প্রাক অনুমোদনের জন্য প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

(গ) স্থানীয় মুখ্য কার্যালয়ের ৫.০০ কোটি টাকার উর্ধ্বের ঋণ আবেদনের প্রাক অনুমোদনের ক্ষেত্রে নিম্নোক্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে প্রাক অনুমোদনের বিষয় নিষ্পত্তি করতে হবে :

স্থানীয় মুখ্য কার্যালয়ের উপ মহাব্যবস্থাপক (পরিচালন)	: আহবায়ক
সহকারী মহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-১ (এলপিও নিরীক্ষা দলের প্রধান)	: সদস্য
সহকারী মহাব্যবস্থাপক (ঋণ) স্থানীয় মুখ্য কার্যালয়	: সদস্য-সচিব
স্থানীয় মুখ্য কার্যালয়ের পরিকল্পনা কর্মকর্তা/প্রকৌশলী	: সদস্য

বর্ণিত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে স্থানীয় মুখ্য কার্যালয়ের মহাব্যবস্থাপকের মতামত/মন্তব্য সহ প্রাক অনুমোদনের জন্য প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

(ঘ) উপরোক্ত মূল্যায়ন কমিটি সমূহের কার্যপরিধি (Terms of reference) নিম্নরূপ :

- (১) প্রস্তাবিত প্রকল্প স্থান সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রকল্প জমির অবস্থান, পরিমান, মূল্যসহ পানি, বিদ্যুৎ, যাতায়াত সুবিধা অবস্থানগত দিক ইত্যাদি বিবেচনায় প্রস্তাবিত স্থান প্রকল্প স্থাপনের উপযোগী কি না সে সম্পর্কে তথ্য ও মতামত থাকতে হবে;
- (২) আনুমানিক প্রকল্প ব্যয়, প্রার্থিত ঋণের পরিমান, ইকুইটি হিসাবে উদ্যোক্তা কত টাকা বিনিয়োগ করতে সক্ষম, ইকুইটির টাকা প্রাপ্তির উৎস এবং উদ্যোক্তার আর্থিক স্বচ্ছলতা সম্পর্কে মতামত থাকতে হবে;
- (৩) প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের সাথে এ জাতীয় প্রকল্প ব্যয়ের তুলনামূলক তথ্য প্রদান করতে হবে;
- (৪) উদ্যোক্তা/উদ্যোক্তাদের বিস্তারিত বায়োডাটা, উদ্যোক্তাদের স্থায়ী/বর্তমান ঠিকানা, উদ্যোক্তাগণ যে সমস্ত ব্যবসা প্রতিষ্ঠানের সাথে জড়িত তাদের বিবরণ ও ঠিকানা থাকতে হবে;
- (৫) উদ্যোক্তাগণের সংশ্লিষ্ট প্রকল্প সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ এবং উদ্যোক্তাগণের সাংগঠনিক ও ব্যবস্থাপনামত যোগ্যতা প্রকল্প স্থাপনে সহায়ক কি না সে বিষয়ে মতামত থাকতে হবে;
- (৬) উদ্যোক্তা/উদ্যোক্তাগণের নিজ নামে/তাদের পরিবারভুক্ত সদস্য/ব্যবসা প্রতিষ্ঠানের নামে বিকেবি/অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের দায়-দেনার হালনাগাদ তথ্য থাকতে হবে;
- (৭) উদ্যোক্তা প্রকল্প স্থানে অবস্থান করেন কি না। অবস্থান করলে/না করলে প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা কিভাবে পরিচালিত হবে তার বিবরণ থাকতে হবে;
- (৮) উৎপাদিত পণ্যের কাঁচামাল সংগ্রহ ও উৎপাদিত পণ্য বাজারজাতকরনের সামগ্রিক ব্যবস্থা এবং পূর্বাভাস সম্পর্কে তথ্য ও মতামত থাকতে হবে;
- (৯) উক্ত অঞ্চলে স্থাপিত/অর্থায়িত প্রকল্পের সামগ্রিক অবস্থার বিবরণ থাকতে হবে;
- (১০) প্রকল্পের জন্য অতিরিক্ত সহায়ক জামানত ও চলতি মূলধন ঋণের জন্য জামানত প্রদানে সক্ষম কি না সে বিষয়ে তথ্য ও মতামত থাকতে হবে;

(ঙ) কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প, এসএমই, ওয়ার্কিং ক্যাপিটাল/সিসি ঋণ সহ সকল ঋণ কেইস সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। কোন অবস্থাতেই ঋণের আবেদন মূল্যায়ন ব্যতিরেকে প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না। তাছাড়া প্রধান কার্যালয়ের মঞ্জুরীতব্য ঋণ প্রস্তাবসমূহের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটির সুপারিশ/মতামতের আলোকে সিদ্ধান্ত গৃহীত হয় বিধায় মাঠ পর্যায়ের ক্রেডিট কমিটিতে উপস্থাপনের কোন প্রয়োজন নেই।

০৩। প্রকল্প বাস্তবায়ন বিভাগ (বর্তমানে প্রজেক্ট ক্রেডিট বিভাগ) এর ২৯/০৭/২০০৭ তারিখের পত্র নং প্রকা/প্রবাবি-৩(৫১)/২০০৭-০৮/৮৯ এর মাধ্যমে প্রকল্প ঋণের প্রাক অনুমোদন প্রক্রিয়াকরণ সংক্রান্ত প্রাথমিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে ব্যাংকের নিম্নরূপ ছক প্রদান করা হয়েছে :

সরেজমিনে প্রকল্প পরিদর্শনের তারিখ :
সংশ্লিষ্ট ব্যাংক শাখা ও অঞ্চলের নাম :

- (১) প্রকল্পের নাম :
(২) প্রকল্পের বিবরণ :
ক) প্রকল্পের প্রকৃতি ও উদ্দেশ্য :
খ) অবস্থান (দাগ নং, খতিয়ান নং, মৌজার নামসহ) :
গ) অফিস ঠিকানা :
ঘ) জমির পরিমাণ :
ঙ) জমির মূল্য :
চ) প্রকল্প ভূমির মালিকানা স্বত্ব :
ছ) আইনগত স্বত্ব :
(একক মালিকানাধীন/অংশীদারী ফার্ম/লিঃ কোম্পানী)
জ) অবকাঠামোগত দিক :
(১) পানি সরবরাহ :
(২) বিদ্যুৎ সরবরাহ :
(৩) গ্যাস সরবরাহ :
(৪) যাতায়াত সুবিধা :
ঝ) প্রকল্প স্থান বন্যা মুক্ত কিনা :
ঞ) প্রকল্পের প্রযুক্তি (নতুন/প্রচলিত) :
ট) অবস্থানগত ও পরিবেশগত দিক :
ঠ) প্রকল্প স্থাপনের উপযোগীতা সম্পর্কে মতামত :
(৩) উদ্যোক্তার বিবরণ :

ক্রঃ নং	নাম, পিতা ও মাতার নাম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা	পদবী/ মর্যাদা	শেয়ার সংখ্যা/ মালিকানা	বয়স	প্রশিক্ষণ ও শিক্ষাগত যোগ্যতা

(৪) প্রস্তাবিত প্রকল্প/ব্যবসা ব্যাংক অনুমোদিত খাত কিনা :

(৫) প্রকল্প ব্যয় :

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	বিবরণ	ব্যয়িত	ব্যয়তব্য				
			ইকুইটি	ব্যাংক ঋণ			সর্বমোট
				স্বা: মু:	বৈ: মু:	মোট	

(৬) প্রার্থীত প্রকল্প ঋণের পরিমাণ :

(৭) প্রকল্পের উৎপাদন ক্ষমতা :

(৮) উদ্যোক্তার ইকুইটির টাকার উৎস/বিবরণ :

(ক) প্রকল্প ব্যয়ে উদ্যোক্তার ইকুইটির টাকার উৎস/বিবরণ :

(লক্ষ টাকায়)

ক্রঃনং	বিবরণ	পরিমাণ	মূল্য

(খ) চলতি মূলধনে উদ্যোক্তার ইকুইটির টাকার গ্রহণযোগ্য উৎস/বিবরণ :

(লক্ষ টাকায়)

ক্রঃনং	বিবরণ	মূল্য

- (৯) চলতি মূলধনের পরিমান :
- (১) ব্যাংক ঋণ (%) : -----লক্ষ টাকা।
- (২) উদ্যোক্তার ইকুইটি (%) : ----- লক্ষ টাকা।
- মোট : ----- লক্ষ টাকা।

(১০) ঋণের বিপরীতে জামানতের বিবরণ (তথ্য ভিত্তিক মূল্যায়ন) :

(ক) প্রকল্প ঋণের জামানতের বিবরণ :

(লক্ষ টাকায়)

ক্রঃনং	বিবরণ	পরিমান	মোট মূল্য	এম সি এল
০১.	ভূমি (দাগ নং, খতিয়ান নং, ধরণ ইত্যাদি)			
০২.	ইমারত			
০৩.	মেশিনারিজ			
০৪.	অন্যান্য			

(খ) চলতি মূলধন ঋণের জামানতের বিবরণ :

ক্রঃনং	বিবরণ	পরিমান	মোট মূল্য	এম সি এল
০১.	ভূমি (দাগ নং, খতিয়ান নং, ধরণ ইত্যাদি)			
০২.	ইমারত			
০৩.	মেশিনারিজ			
০৪.	অন্যান্য			

(১১) উদ্যোক্তা/কোম্পানী/সহযোগী প্রতিষ্ঠানের দায়-সম্পদের বিবরণ :

(ক) উদ্যোক্তার সম্পদের বিবরণ :

(লক্ষ টাকায়)

ক্রঃনং	বিবরণ	পরিমান	ব্যাংকের নিয়মে আনুমানিক মূল্য	আনুমানিক বাজার মূল্য
০১.	ভূমি (দাগ নং, খতিয়ান নং, ধরণ ইত্যাদি)			
০২.	ইমারত			
০৩.	মেশিনারিজ			
০৪.	অন্যান্য			

(খ) উদ্যোক্তা কোম্পানীর দায়-দেনার বিবরণ :

ক্রঃনং	বিবরণ	ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	ঋণের পরিমান	শ্রেণীকৃত ঋণের পরিমান	ঋণের বিপরীতে প্রদত্ত জামানতের বিবরণ

(গ) উদ্যোক্তা কোম্পানীর পরিচালকদের ব্যক্তিগত দায় ও সম্পদের বিবরণ :

নাম	মোট সম্পদ	মোট দায়	নেট সম্পদ	মন্তব্য

(ঘ) উদ্যোক্তাগণের সহযোগী প্রতিষ্ঠানের দায়-দেনার বিবরণ :

নাম	মোট সম্পদ	মোট দায়	নেট সম্পদ	মন্তব্য

(ঙ) উদ্যোক্তার আর্থিক স্বচ্ছলতার বিষয়ে মন্তব্য (উদ্যোক্তার সংগৃহীত ইকুইটির টাকা সহ মোট সম্পদের বিপরীতে দায়ের তুলনামূলক মূল্যায়ন):

(১২) প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের সাথে এ জাতীয় প্রকল্প ব্যয়ের তুলনামূলক অবস্থা :

(১৩) প্রাতিষ্ঠানিক দিক :

- (১) সংশ্লিষ্ট প্রকল্প সংক্রান্ত বিষয়ে উদ্যোক্তার অভিজ্ঞতার বিবরণ (প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও বিবরণসহ) :
- (২) প্রস্তাবিত ব্যবসা/প্রকল্প স্থাপন ও পরিচালনায় উদ্যোক্তাগণের সাংগঠনিক ও ব্যবস্থাপনাগত যোগ্যতা সম্পর্কিত মতামতঃ
- (৩) উদ্যোক্তার বয়স ও ভবিষ্যতে প্রকল্প ব্যবস্থাপনায় আগতব্য উত্তরাধিকারীর বিষয়ে মন্তব্য :
- (৪) উদ্যোক্তা প্রকল্প স্থানে অবস্থান করেন কিনা, অবস্থান করলে বা না করলে প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা কিভাবে পরিচালিত হবে তার বিবরণ :

(১৪) প্রকল্পের কাঁচামাল :

(ক) বিবরণ :

(লক্ষ টাকায়)

ক্রঃনং	নাম	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য

(খ) স্থানীয় ও বৈদেশিক কাঁচামালের সহজলভ্যতা, মূল্য উঠানামা, সম্ভাব্য ঝুঁকিসহ ভবিষ্যত পূর্বাভাস বিষয়ক মতামত :

(১৫) উৎপাদিত পণ্য :

(লক্ষ টাকায়)

ক্রঃনং	নাম	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য

(১৬) উৎপাদিত পণ্য বাজাজাতকরনের দিক এবং বিপন্ন পদ্ধতিসহ এতদ বিষয়ে সম্ভাব্য ঝুঁকি বিশ্লেষণ :

(১৭) সংশ্লিষ্ট অঞ্চলে স্থাপিত/অর্থায়িত প্রকল্পের সামগ্রিক অবস্থা :


(১৮) প্রাসঙ্গিক তথ্য/মন্তব্য :

(১৯) প্রাক-অনুমোদন প্রক্রিয়াকরন সংক্রান্ত মূল্যায়ন কমিটির সুনির্দিষ্ট সুপারিশ :

(২০) মহাব্যবস্থাপকের সুপারিশ/মতামত/মন্তব্য :

০৪। বর্ণিত অবস্থায়, ঋণ আবেদনপত্র গ্রহণের প্রাক অনুমোদন প্রক্রিয়াকরণের ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,


(শাকুর দাস কুদ্দু)

মহাব্যবস্থাপক


পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

বিকেবি-প্রকা/প্রক্রেবি-৩(৫০)/২০১৭-১৮/১২৯

তারিখ : এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১, ২ ও ৩ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। নথি/মহানথি।


(মনির উদ্দিন)

উপমহাব্যবস্থাপক

প্রকল্প ঋণের চেকলিস্ট

- (১) আবেদনকারীর (সত্যায়িত) পাসপোর্ট সাইজের ফটো (প্রয়োজনীয় সংখ্যক);
- (২) আবেদনকারী/আবেদনকারীগণের সত্যায়িত স্বাক্ষর;
- (৩) জাতীয়তা সার্টিফিকেট, ন্যাশানাল আইডি কার্ড;
- (৪) সরকারী চাকুরিজীবী হলে তার নিয়োগকারী/নিয়ন্ত্রনকারী কর্মকর্তার নিকট হতে 'ঋণ প্রদানে আপত্তি নেই' মর্মে সার্টিফিকেট;
- (৫) ট্রেড লাইসেন্স (ব্যবসায়িক প্রতিষ্ঠানের বেলায়);
- (৬) স্থাবর ও অস্থাবর সম্পদ/দায়ের ঘোষণা পত্র (কোন প্রতিষ্ঠানের সাথে দায়দেনার সম্পর্ক আছে কিনা?);
- (৭) প্রকল্প জমির/সহায়ক জামানতের জমি/বাড়ির মূলদলিল পত্রাদি (প্রযোজ্য খতিয়ানের কপিসহ);
- (৮) নাম জারীর খতিয়ান ও হাল সনের খাজনার দাখিলা;
- (৯) পৌরসভা/স্থানীয় কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদিত লে আউট প্লানসহ প্রকল্প স্থাপনের অনুমতিপত্র;
- (১০) হাল সনের পৌরসভা/ইউনিয়ন পরিষদের কর প্রদানের রসিদ;
- (১১) সাব রেজিস্ট্রি অফিস হতে বিগত ১২ বৎসরের তল্লাশী প্রতিবেদন (নির্দায়ী/নিষ্কটকতা সার্টিফিকেট) এবং হলফনামা (ঋণ বিতরণের পূর্বে নিতে হবে);
- (১২) বিসিক কর্তৃক বরাদ্দকৃত জমির ক্ষেত্রে মূলবরাদ্দ পত্র ও দখল স্বত্ব বুঝিয়ে দেয়ার চিঠি;
- (১৩) উদ্যোক্তার আয় ও সম্পদের স্বপক্ষে দালিলিক প্রমাণ;
- (১৪) আয়কর পরিশোধের দালিলিক প্রমাণ;
- (১৫) সরকার বা অন্য কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দকৃত জমির ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে ব্যাংকের নিকট জমি বন্ধক রেখে ঋণ গ্রহণে আপত্তি নেই মর্মে সার্টিফিকেট;
- (১৬) কোম্পানির বেলায় রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানির নিকট দাখিলকৃত মেমোরেণ্ডাম এন্ড আর্টিক্যালস অব এসোসিয়েশন, সার্টিফিকেট অব ইনকরপোরেশনের এবং কমেসমেন্ট অব বিজেনেসের সত্যায়িত কপি;
- (১৭) অন্য কোন ব্যবসা থাকলে তার লাভ-লোকসানের হিসাবসহ গত তিন বছরের স্থিতিপত্র;
- (১৮) নিজস্ব বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অর্থের উৎস সম্পর্কে ঘোষণা;
- (১৯) প্রকল্প জমির হাতে আঁকা রস্ট ম্যাপ;
- (২০) প্রকল্পের সাইট প্লান/লে-আউট প্লান;
- (২১) প্রজেক্ট প্রোফাইল, কারিগরি ও ব্যবস্থাপনা, ঋণ গ্রহণের যোগ্যতা প্রতিবেদন, মোট প্রকল্প ব্যয়, নির্মাণ খরচের বিস্তারিত হিসাব, আর্থিক বিশ্লেষণ ইত্যাদি;
- (২২) প্রকল্প ইমারতের বিস্তারিত ডিজাইন, ড্রইং (ভিত্তি কলাম, বীম, ছাদ, মেঝে ইত্যাদি)। কোন প্রকৌশল বিষয়ক পরামর্শ দাতা প্রতিষ্ঠান/(IEB) এর সদস্য পদ প্রাপ্ত প্রাজুয়েট প্রকৌশলী (সিভিল) কর্তৃক অনুমোদন গ্রহণ করতে হবে;
- (২৩) প্রকল্পের প্রয়োজনীয় আমদানিযোগ্য বৈদেশিক যন্ত্রপাতির জন্য ৩ (তিন) টি প্রতিযোগিতামূলক দরপত্র (ক্যাটালগ, বিস্তারিত স্পেসিফিকেশনসহ) স্থানীয় ইনডেন্টারের মাধ্যমে দাখিল করতে হবে;
- (২৪) স্থানীয় যন্ত্রপাতির ক্ষেত্রেও ৩ (তিন) টি প্রতিযোগিতামূলক দরপত্র (প্রয়োজনবোধে ক্যাটালগসহ);
- (২৫) বিএমআরই'র ক্ষেত্রে বিদ্যমান প্রকল্পের স্থিতিপত্র;
- (২৬) পিডিবি/আরইবি/তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং হতে বিদ্যুৎ/গ্যাস সরবাহের সম্মতিপত্র (প্রয়োজনবোধে);
- (২৭) পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র (প্রয়োজনবোধে);
- (২৮) প্রকল্পের প্রয়োজনীয় চলতি মূলধন ঋণের জন্য প্রয়োজনীয় সহায়ক জামানতের কাগজপত্র।